



## মেট্রোরেলো দুর্ঘটনায় নিহত আবুল কালামের দাফন, গ্রামে শোকের ছায়া



সংগৃহীত ছবি

রাজধানীর মেট্রোরেল দুর্ঘটনায় প্রাণ হারানো আবুল কালামের দাফন সম্পন্ন হয়েছে তার নিজ জেলা শরীয়তপুরে। সোমবার (২৭ অক্টোবর) সকাল ১০টা ২০ মিনিটে নড়িয়া কেন্দ্রীয় জামে মসজিদ কবরস্থানে তাকে চিরনিদ্রায় শায়িত করা হয়। এর আগে সকালে নিজ গ্রামের বাড়ি ইশ্বরকাঠিতে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় আত্মীয়-স্বজন, প্রতিবেশী ও এলাকাবাসী অংশ নিয়ে কালামের বিদায়ে অশ্রুসিক্ত বিদায় জানান।

এর আগে, রোববার রাত ১০টার দিকে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জের নতুন আইলপাড়া বাইতুল ফালাহ জামে মসজিদে প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। দীর্ঘদিন ধরে তিনি স্ত্রী ও দুই সন্তানকে নিয়ে সিদ্ধিরগঞ্জের পাঠানটুলি এলাকায় শ্বশুরবাড়ির পাশে ভাড়া বাসায় বসবাস করছিলেন।

গত রোববার দুপুর ১২টার দিকে ফার্মগেট মেট্রো স্টেশনের কাছে একটি পিলার থেকে বিয়ারিং প্যাড খুলে নিচে পড়ে যায়। দুর্ভাগ্যবশত, ওই সময় পথচারী হিসেবে সেখানে উপস্থিত ছিলেন আবুল কালাম। ভারী ধাতব বস্তুটি তার মাথায় আঘাত হানলে তিনি গুরুতর আহত হন। স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান, তবে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, হঠাৎ বিকট শব্দ শুনে তারা ছুটে এসে কালামকে রক্তাক্ত অবস্থায় মাটিতে পড়ে থাকতে দেখেন। মুহূর্তের মধ্যেই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে।

উল্লেখ্য, এর আগেও গত বছরের ১৮ সেপ্টেম্বর একই ধরনের ঘটনা ঘটেছিল। তখনও মেট্রোরেলের বিয়ারিং প্যাড খুলে পড়ে, তবে সেবার কোনো প্রাণহানি হয়নি। নিরাপত্তার জন্য ১১ ঘণ্টা বন্ধ রাখা হয়েছিল মেট্রো চলাচল।